# 2021

## PHILOSOPHY — HONOURS

### Paper : CC-10

### (Epistemology and Metaphysics)

### Full Marks : 65

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি বেছে নাও (*যে-কোনো দশটি*) ঃ ১×১০

(ক) আরোহানুমান কোন নীতির ওপর নির্ভর করে?

(অ) পরিবর্তনের নীতি (আ) একরূপতা নীতি

(ই) উপযোগিতার নীতি (ঈ) সম্ভাব্যতার নীতি।

(খ) সহজাত ধারণার প্রধান বৈশিষ্ট্য হল

(অ) সর্বজনীনতা (আ) একরূপতা

(ই) সর্বজনীনতা এবং একরূপতা উভয়ই (ঈ) তিনটির কোনোটিই নয়।

(গ) "আমাদের সকল ধারণা কোনো না কোনো মুদ্রণের প্রতিরূপ"— এই বক্তব্য রেখেছেন

(অ) লক (আ) বার্কলে

(ই) দেকার্ত (ঈ) হিউম।

(ঘ) "এটি অবশ্যই মেয়েটির সত্য প্রতিকৃতি"— এখানে 'সত্য' শব্দটি ব্যবহৃত হয়েছে নিম্নলিখিত অর্থে ঃ

(অ) খাঁটি (আ) আস্থাভাজন

(ই) নিখুঁত (ঈ) বাস্তবত।

(ঙ) কোন তত্ত্বকে লৌহ যবনিকা তত্ত্ব বলা হয়?

(অ) প্লেটোর ধারণাবাদ (আ) অ্যারিস্টটলের কার্যকারণবাদ

(ই) লকের বস্তুবাদ (ঈ) বার্কলের ভাববাদ।

(চ) "বিষুবরেখা সত্যই কোন প্রাকৃতিক স্থান নয়"— এখানে 'সত্য' শব্দটি নিম্নলিখিত কোন অর্থে ব্যবহৃত হয়েছে?

(অ) বাস্তবিক (আ) নিখুঁত

(ই) খাঁটি (ঈ) আস্থাভাজন।

(ছ) "সত্য হল তাই যা কার্যকর"— এটি নিম্নোক্ত কোন তত্ত্বের বক্তব্য?

(অ) অনুরূপতাবাদ (আ) সংসক্তিবাদ

(ই) প্রয়োগবাদ (ঈ) তিনটির কোনোটিই নয়।

(জ) "সে ধর্মপরায়ণ'— এই বাক্যটিতে নিম্নলিখিত কোন অবস্থার কথা বলা হয়েছে?

(অ) ঘটমান (আ) প্রবণতা

(ই) ঘটমান এবং প্রবণতা উভয়ই (ঈ) তিনটির কোনোটিই নয়।

(ঝ) "আমি সাঁতার কাটতে জানি"— এখানে 'জানা' শব্দটি ব্যবহৃত হয়েছে

(অ) দক্ষতা বা সামর্থ্য অর্থে (আ) পরিচিতিমূলক জ্ঞান অর্থে

(ই) বাচনিক জ্ঞান অর্থে (ঈ) তিনটির কোনোটিই নয়।

(ঞ) "একটি নিরেট লৌহখণ্ডের পক্ষে জলে ভাসমান থাকা"— এখানে কোন ধরনের অসম্ভাব্যতার কথা বলা হয়েছে?

(অ) যৌক্তিক (আ) ব্যবহারিক

(ই) প্রযুক্তিগত (ঈ) কোনোটিই নয়।

(ট) "বাহ্যবস্তুকে সরাসরি ইন্দ্রিয়ানুভবে জানা যায়"— এটি কোন মতবাদের মূল বক্তব্য?

(অ) সরল বস্তুবাদ (আ) প্রতিরূপী বস্তুবাদ

(ই) ভাববাদ (ঈ) অবভাসবাদ।

(ঠ) "সামান্যর বাস্তব সত্তা আছে, তা নিছক মনোগত ধারণা নয়"— এই অভিমত পোষণ করেন

(অ) প্লেটো (আ) অ্যারিস্টটল

(ই) প্লেটো ও অ্যারিস্টটল উভয়ই (ঈ) বার্কলে।

২। নিম্নোক্ত *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৫

(ক) সত্যতা সম্পর্কিত সংসক্তিবাদে 'সংসক্তি' শব্দের অর্থ কী?

(খ) প্রতিরূপী বস্তুবাদের মূল বক্তব্য কী?

(গ) পূর্বতোসিদ্ধ ও পরতোসাধ্য বচনের মধ্যে পার্থক্য নির্ণয় করো।

(ঘ) 'জানা' শব্দটির বিভিন্ন অর্থ ব্যাখ্যা করো।

(ঙ) সামান্য সম্পর্কে সাদৃশ্যমূলক তত্ত্বটির মূল বক্তব্য কী?

(চ) সবল ও দুর্বল ভাববাদের মধ্যে পার্থক্য সংক্ষেপে ব্যাখ্যা করো।

(ছ) বিভিন্ন প্রকার সম্ভাব্যতা ও অসম্ভাব্যতা দৃষ্টান্ত সহকারে বর্ণনা করো।

(জ) বিশ্লেষক বচনের বিভিন্ন সংজ্ঞাগুলি কী কী? সংক্ষেপে আলোচনা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) সমালোচনাপূর্বক অবভাসবাদের ব্যাখ্যা ও বিচার করো। ১৫

(খ) কারণতার নীতি কি পূর্বতোসিদ্ধ না পরতোসাধ্য? বিশদ আলোচনা করো। ১৫

(গ) বাচনিক জ্ঞানের আবশ্যিক এবং পর্যাপ্ত শর্তগুলি কী? সবল ও দুর্বল অর্থে জানার মধ্যে পার্থক্য কী? ১০+৫

(ঘ) সামান্য সম্পর্কে প্লেটোর মত ব্যাখ্যা ও বিচার করো। সামান্য সম্পর্কে অ্যারিস্টটলের মতের সঙ্গে প্লেটোর মতের কোন্ কোন্ ক্ষেত্রে পার্থক্য আছে? ১০+৫

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

**1.** Choose the correct option (***any ten***) : 1×10

(a) Which of the following principle does inductive argument depend on?

(i) Principle of Change (ii) Principle of Uniformity

(iii) Principle of Utility (iv) Principle of Probability.

(b) The main characteristic of innate ideas is

(i) Universality (ii) Uniformity

(iii) Both Universality and Uniformity (iv) None of the three.

(c) "All our ideas are copies of some impression"— This is the contention of

(i) Locke (ii) Berkeley

(iii) Descartes (iv) Hume.

(d) "This is certainly a true portrait of her"— Here the word 'true' has been used in the following sense :

(i) Genuine (ii) Faithful

(iii) Perfect (iv) Real/Actual.

(e) Which of the following theory is also known as iron-curtain theory?

(i) Plato's theory of Idea (ii) Aristotle's theory of Causality

(iii) Locke's Realism (iv) Berkeley's Idealism.

(f) "The equator is not a true physical place"— In which of the following sense the word 'true' has been used here?

(i) Real/Actual (ii) Perfect

(iii) Genuine (iv) Faithful.

(g) "Truth is that what works"— This view is held by

(i) Correspondence theory (ii) Coherence theory

(iii) Pragmatic theory (iv) None of these.

(h) "He is religious"— In this sentence which of the following state has been expressed?
   (i) Occurrent state
   (ii) Dispositional state
   (iii) Both Occurrent and Dispositional state
   (iv) None of the above.

(i) "I know how to swim"— Here the word 'know' is used in the sense of
   (i) Knowing how/ability
   (ii) Acquaintance
   (iii) Propositional knowledge
   (iv) None of the three options.

(j) 'For a solid iron bar to float on water'— What kind of impossibility is expressed here?
   (i) Logical
   (ii) Empirical
   (iii) Technical
   (iv) None of these.

(k) "External objects can be directly known through sense experience"— This is the main tenets of which theory?
   (i) Naive realism
   (ii) Representative realism
   (iii) Idealism
   (iv) Phenomenalism.

(l) "Universals have real existence, they are not mere ideas in our mind"— This view is held by
   (i) Plato
   (ii) Aristotle
   (iii) Both Plato and Aristotle
   (iv) Berkeley.

**2.** Answer ***any five*** of the following questions : 5×5

(a) What is the meaning of the word 'coherence' in the coherence theory of truth?

(b) What is the main contention of representative realism?

(c) Distinguish between *a priori* and *a posteriori* propositions.

(d) Explain the different senses of the word 'know'.

(e) What is the main contention of the resemblance theory regarding universals?

(f) Explain, in brief, the distinction between strong and weak idealism.

(g) Describe, with examples, different kinds of possibility and impossibility.

(h) What are the different definitions of analytic propositions? Discuss in brief.

**3.** Answer ***any two*** of the following questions :

(a) Critically examine and evaluate phenomenalism. 15

(b) Is causal principle *a priori* or *a posteriori*? Discuss in detail. 15

(c) What are the necessary and sufficient conditions of propositional knowledge? What is the difference between strong and weak sense of 'know'? 10+5

(d) Explain and evaluate Plato's theory of universals. What are the points of difference between Platonic and Aristotelian theory of universals? 10+5